আমি ও তাহাকে ডাকিয়াছি আমি তাহাকে আনিয়াছি
১৬ তাহার পন্থ ও মঙ্গল দায়ক হইবে। আমার নিকট
আসিয়া ইহা শুনহ আরম্ভ কালাবধি আমি
গুপ্তে না কহিয়াছি তাহার হওনারম্ভ কালের
পূর্ব্বে আমি তাহা নিয়ম করিয়াছিলাম এবং এখন
য়িহুহা ও তাহার আত্মা আমাকে পাঠাইয়াছেন।
১৭ য়িহুহা তোমার মুক্তিদ য়িশরা[illegible]লের [illegible] এ কথা
কহেন আমি য়িহুহা তোমা[illegible] প্রাপ্তি যাহাতে
হবে যিনি শিক্ষান ও তোমার গন্তব্য পথে প্রভু প্রভু।
১৮ আহা তুমি যদি আমার আজ্ঞা মানিতা তবে তোমার
লক্ষ্মী নদীর ন্যায় এবং তোমার মঙ্গল সমুদ্রের
১৯ জলের মত হইত। তোমার সন্তান ও বালির মত ও
তোমার ওদরের ওৎপত্তি তাহার ওদরের ওৎপত্তির
ন্যায় হইত তো[illegible] [illegible] ছেদন ও হইত না কিম্বা
আমার সম্মুখ হইতে তাহা ন[illegible] [illegible] না।
২০ হে তোমরা বাবেল হই[illegible]া চাড়িবে [illegible]রি দেশ হই[illegible]
আনন্দ শব্দ করিতেং তাহার ও[illegible] ইহা প্রকাশ কর
ইহা শুনাও তাহা পৃথিবীর সর্ব্বোপর্য্যন্ত প্রচার করহ
কহ য়িহুহা তাহার যাঁকুব দাসকে মুক্ত করিয়াছেন।
২১ যে বনে তিনি তাহারদিগ[illegible] [illegible] করাইলেন সে বনে
তাহারা তৃষিত [illegible] না [illegible] হইত তাহার

দের জন্য জল বাহির করিলেন তিনিই পাষান
২২ ফাটাইয়া জল বাহিরিল। য়িহুহা কহেন দুষ্টেরদের
কিছু কুশল নহে।—

পর্ব্ব হে তোমরা দুর দেশেরা আমার বচন শুনহ হে
৪৯ লোকেরা তোমরা দুর থাকিয়া অবধান করহ।
গর্ব্ভস্থাবধি য়িহুহা আমাকে ডাকিয়াছেন আমার
মাতার উদরস্থ কালাবধি ও আমার নাম কহিয়াছেন
২ তিনি আমার মুখ ও তীক্ষ্ন তলোয়ার করিয়াছেন
তিনি স্বহস্তের ছাইয়ায় আমাকে লুকাইয়াছেন
[illegible] চকচকা বান করিয়াছেন তিনি তাহার
৩ তরকোষের মধ্যে আমাকে থুইয়াছেন। তিনি
ও আমাকে কহিয়াছেন হে য়িশরাল তুমি
আমার দাস যাহাতে আমার স্তব প্রকাশ হইবে।
৪ কিন্তু আমি কহিয়াছি আহা আমি বৃথা শ্রম
করিয়াছি আমি নিরর্থক এবং অকারন বল ব্যায়
করিয়াছি কিন্তু আমার ন্যায়লত য়িহুহার কাছে
এবং আমার ক্রিয়ার ফল দেওন আমার ঈশ্বরের
৫ সহিত [illegible] যিনি যাকুবকে তাহার কাছে
পুনর্ব্বার আনন এবং য়িশরালকে তাহার নিকটে
একত্র করনার্থে আমাকে তাহার সেবক হওনের
নিমিত্ত গর্ব্ভস্থ কালাবধি নির্ম্মান করিলেন সেই কারনে
আমি য়িহুহার দৃষ্টে আদৃত এবং আমার
ঈশ্বর আমার [illegible] আছেন সে য়িহুহা এ কথা
৬ কহেন [illegible] যাকুবের কুলস বৃদ্ধি করন এবং

য়িশরালের তাল পুনর্ব্বার তাজা করনার্থে আমার
সেবক হওন এই তোমার কি ক্ষুদ্র কার্য্য আমার উদ্ধার
কারক হওনের জন্য পৃথিবীর সীমা পর্য্যন্ত অন্য দেশী
য়েরদের দীপ্তি তোমাকে আমি পদার্পন ও করিব। —
৭ তুচ্ছিত মুর্ত্তি দেশীয়েদের ঘৃনিত অধ্যক্ষেরদের
বসীভূত যে ব্যক্তি তাহাকে য়িহ্বহ য়িশরালের মুক্তিদ
তাহার বীর্য্য এ কথা কহেন রাজাগন তাহাকে
দেখিয়া উঠিবে অধ্যক্ষেরাও তাহাকে দেখিয়া বিশ্বম্য
য়িহ্বহা ও য়িশরালের বীর্য্যার্থে তাহার পুজা করিবে
কেননা তিনি তোমাকে পসন্দ করিয়াছেন। —
৮ য়িহ্বহ এ কথা কহেন আমি [illegible] গ্রাহ্য করিবার
কালে তোমার কথা শুনিয়াছি এবং তারনের দিনে
তোমার উপকার করিয়াছি তোমাকে আমি রক্ষা ও
করিব এবং দেশের পুনর্ভদ্র করন এবং নিরালয় স্থান
অধিকারি বিশিষ্ট কারনের জন্য তোমাকে লোকের
৯ দের বন্দোবস্তের কারন আমি দিব। বন্দিতেরদিগকে
কহিয়া তোমরা বাহিরে যাও এবং অন্ধকারস্থিতের
দিগকে তোমরা প্রকাশ হও তাহারা পথের
নিকট চরিবে এবং উচ্চস্থানে তাহারদের চরান স্থান
১০ হইবে। তাহারা ক্ষুধিত হইবে না তৃষিত হইবে না
গ্রীষ্ম কিম্বা রৌদ্র ও তাহারদিগকে মারিবে না
কেননা যিনি তাহারদিগকে দয়া করেন তিনি
তাহারদের পথ দেখাইবেন এবং জলের উথলীয়
১১ উনুইর নিকট তাহারদিগকে [illegible] করেন। আমার
সকল পর্ব্বতকে আমি [illegible] আমার

১২ অভক্ত ও তৃষ্ণা করিতে হইবে। দেখ ইহারা দূর
হইতে এবং দেখ ইহারা উত্তর ও পশ্চিমদিগ হইতে
এবং ইহারা শানিম দেশ হইতে আসিবে।—
১৩ হে স্বর্গগন তোমরা নাদ করিয়া গান কর হে
পৃথিবী তুমি আনন্দ করহ হে পর্ব্বতগন তোমরা
এককালীন গীত গাও কেননা যিহুহা তাহার লোকের
দিগকে সান্ত্বনা করিয়াছেন এবং তাহার দুঃস্থি
লোকেরদের উপর দয়া করিবেন।—
১৪ কিন্তু চীয়ন কহিতেছে যিহুহা আমাকে ত্যাগ
করিয়াছেন আমার ভগবান ও আমাকে বিস্মৃত
১৫ হইয়াছেন। স্ত্রীলোক কি আপন স্তন্যপায়ী
বালককে বিস্মৃতা হইতে পারিবে যেন আপন
গর্ব্ভজ পুত্রকে স্নেহ কিছুই করিবে না ইহারাই
বিস্মৃত হইতে পারিবে কিন্তু তোমাকে আমি
১৬ বিস্মৃতা হইব না। দেখ তোমার আকার
আমার হাতের তালুয়ায় করিয়াছি তোমার দেয়াল
১৭ ও নিত্য আমার দৃষ্টে থাকে। যাহারা তোমাকে
নষ্ট করিল তাহারা কিঞ্চিত কাল পরে তোমার
গাঠক হইবে এবং যাহারা তোমাকে শূন্য করিল
১৮ তাহারা [illegible] হই তিনি [illegible]ন্তান হইবে। তোমার চক্ষু ঊর্দ্ধ
করিয়া [illegible] পৃথিবীর দেখ এই সকল একত্র হইয়া
তোমার স্থানে আইসিতেছে যিহুহা বলেন আমি
যদি জীবিত হই তবে তুমি তাহারদিগকে সকল
সুন্দর প[illegible]মত পরিধান করিবা এবং যেমন
কন্যা তাহ[illegible] অলঙ্কার [illegible]রে তেমন তোমার গাত্রে

১৯ তাহারদিগকে বান্ধিবা । কেননা তোমার পতিত
ও নিরাবাদ স্থান এবং তোমার নরশূন্য কৃত দেশ
তাহাই এখন প্রজা পূর্ণ হইবে এবং যাহারা তোমাকে
খাইয়া ফেলিল তাহারদিগকে বড় দূর লড়াইতে
২০ হইবে । তোমার যে পুত্রগান হারিয়া গিয়াছে তাহারাই
এ স্থান আমার কারন বহু কার্কশ[illegible] আছে আমার
বাস করিবার নিবিত্ত স্থান দেহ এই কথা তোমার
২১ শ্রবনে কহিবে । এবং তুমি অন্তঃকরনে বলিবা
আমার এ সকল জন্মায়াছে কে আমি সন্তান হারা
ও একা ও দেশ ছাড়া ও চণ্ডাল ছি[illegible]াম ইহারদিগকে
প্রতিপালিন করিয়াছেন কে দেখ আমি [illegible] একা
ছিলাম ইহারা সে কালে কোথায় ছিল ।—
২২ যিহুহা ভগবান একথা কহেন দেখ আমি অন্য
দেশীয়েরদিগে হাত উঠাইব এবং লোকেরদিগে ধ্বজা
উঠাইব এবং তাহারা বক্ষ করিয়া তোমার পুত্রের
দিগকে আনিবে তোমার কন্যারদিগকে স্কন্ধ করিয়াও
২৩ বহিতে হইবে । রাজারা তোমার পালক পিতা হইবে
এবং তাহারদের রানিরা তোমার পালিকা মাতা হবে
তাহারা [illegible]মারদিগে মুখ করিয়া [illegible] স্থানে প্রনাম
করিবে এবং তোমার পার ধূ[illegible]তে খাশি[illegible] এবং যে আমি
হই যিহুহা এবং যে যাহারা [illegible] পলাও[illegible]র বিশ্বাস করে
তাহারা লজ্জিত হইবে না ইহা তুমি জানিতে পাইবা ।
২৪ বল[illegible] হইতে লু[illegible] কি কাড়িয়া লইতে হইবে এবং
ভয়ঙ্কর ধৃত শিকার কি খা[illegible]রিতে হইবে ।
২৫ যিহুহা এ কথা কহে[illegible]রাক্র[illegible]দিগের শিকার

ঘের দ্বারিতেই হইবে এবং ভয়ঙ্কর দ্বৈত লুট ও খালাস
করিতে হইবে কেননা যাহারা তোমার সহিত যুদ্ধ
করে তাহারদের সহিত আমি যুদ্ধ করিব এবং
২৬ তোমার শিশুরদিগকে মুক্ত করিব। এবং তোমার
অন্যায় দণ্ডকেরদিগকে আপনারদের মাংস বহু
খাওয়াইব এবং আপনারদের রক্ত নুতন দ্রাক্ষরসের
মত বহু পান করাইব এবং যে আমি যিহুহা
তোমার ত্রাণ কর্ত্তা এবং যে তোমার মুক্ত কর্ত্তা
যাকুবের পরাক্রান্ত আছেন সর্ব্ব প্রাণেরা ইহা
জানিতে পাইবে।

পর্ব ... এ কথা কহেন তোমারদের মাতা ত্যাগ
৫০ করণ এ পত্র যাহা দিয়া তাহাকে ছাড়িয়া দিয়াছি
সে কোথায় আমার মাতকেরদের মধ্যে ও
কোন মহাজনের কাছে তোমারদিগকে বিক্রয়
করিয়াছি দেখ তোমরা তোমার আপনারদের
অযথার্থের কারণ বিক্রীত হইয়াছ তোমারদের
দাইটের কারণ তোমারদের মাতা ও ছাড়া গিয়াছে।
২ আমি কি নিমিত্ত আসিয়াছি এবং কেহ বিদ্যমান
নহে ... ডাকিয়াছি এবং কেহ উত্তর
করিল না তবে কি আমার হাত এ মত খাটো
হইয়াছে যে মুক্ত করিতে পারি না এবং আমার
পরিত্রাণ করিবার পরাক্রম কি কিছু নহে দেখ আমার
ধমকানেতে আমি সমুদ্র শুষ্ক করাই আমি নদীকে
বন করাই ... জল না থাওয়াতে তাহারদের মৎস্য
শুষ্ক পায় এব ... তৃষ্ণার কারণ মরে।

৩ আমি কালাবর্ন স্বর্গের দিগকে পরাই এবং তাহার
৪ দের চট ছাদন করি। এবং পরিশ্রান্ত লোকেরদিগকে
উপযুক্ত কথা কহিতে জাননের কারন য়িহুহা আমাকে
পণ্ডিতের জিহ্বা দিয়াছেন তিনি প্রাতঃ২ জাগান
শিষ্যের ন্যায় মনোযোগ করিয়া শুনলের নিমিত্ত
৫ তিনি আমার কর্ন জাগান। য়িহুহা ভগবান আমার
কর্ন ঘুরিয়াছেন আমি ও হস্তুতি ছিলাম না এবং
৬ পশ্চাদ্দিগে গতি করিলাম না। আমার পৃষ্ঠ
মারকেরদিগকে ও দাড়ি উপড়কেরদিগকে দিয়াছি
আমার মুখ লজ্জা ও থুথুদেওন হইতে গুপ্ত করিলাম
৭ না। কেননা য়িহুহা ভগবান আমার উপকারী
সে কারন আমি লজ্জিত নহি সে কারন মুখ চকমকি
পাথরের মত করিয়াছি এবং জানি যে আমি লজ্জিত
৮ হইবে না। যিনি আমাকে ধার্ম্মিক খ্যাত করেন
তিনি নিকট আমারদের সহিত যুদ্ধ করিবে কে
আইস আমরা একত্র বাহিরে দণ্ডাই আমার
৯ বৈরি কে সে রন করিতে আইসুক। দেখ য়িহুহা
ভগবান আমার [illegible] আমার দোষী হওয়া প্রমান
দিবে কে দেখ তাহারা সকল [illegible] মত পুরান
হইয়া যায় কীট তাহারদিগকে খাইয়া [illegible]

১০ তোমারদের মধ্যে য়িহুহা ভয়ী কে সে তাহার
সেবকের কথা [illegible] করুক তোমারদের মধ্যা যে
অন্ধকারে গমন করে ও যাহ[illegible]কছু দীপ্ত নহে সে
য়িহুহার নামে বিশ্বাস করুক [illegible] তাহার ধার্ম্মিক

১১ ঈশ্বরের ওপর ভর দিওক। হে তোমরা সকল যে
অগ্নি জ্বলাইতেছ যে কাষ্ঠ চতুর্ভিতে জমা করিতেছ
দেখ তোমরা আপনারদের অগ্নি ও স্বপ্রজ্বালিত
কাষ্ঠের আলোতে চলহ আমার হাতে তোমরা ইহা
পাইবা তোমরা দুঃখে শুইবা।—

পর্ব্ব হে তোমরা ধর্ম্ম পশ্চাদ্বার্ত্তিরা য়িহহা চেষ্টকেরা
৫১ আমার কথা শুন যে পর্ব্বত হইতে তোমরা খুদিত
ছিলা এবং যে গহ্বর হইতে খুন্ন ছিলা তাহার
২ দিগে দৃষ্টি কর। তোমারদের আবরহায় পাত্র
এবং যাহার গর্ব্ভস্থ ছিলা সে শারাব দিগে দৃষ্টি
কর কেননা তিনি একা হইলে আমি তাহাকে ডাকিলাম
৩ ও বর দিলাম ও তাহার বৃদ্ধি করিলাম। অতএব
য়িহহা এযত জীয়নকে সান্ত্বনা করিবেন তিনি তাহার
সকল নষ্ট ঠাঁই সান্ত্বনা করিবেন তিনি তাহার বন
উদনের মত এবং তাহার কানন য়িহহার ওদ্যানের
মত করিবেন আনন্দ ও আহ্লাদ ও প্রাপ্ত মঙ্গল স্বীকার
ও গানের রব তাহার মধ্যে পাওয়া যাবে।—
৪ হে লোকেরা তোমরা আমার কথা অবধান কর হে
আমার [illegible]রা আমার বচন শুবন করহ কেননা আমা
হইতে ব্যবস্থা বাহিরিবে এবং লোকেরদের দীপ্তের
৫ কারন আমার বিচার প্রকাশ করিব। আমার
ধর্ম্ম নিকট আছে আমার ত্রান করন যাত্রা করে
আমার ভুজ লোকেরদের এনসাফ করিবে দূর দেশ

আমার অপেক্ষা করিবে তাহারা ও সাহস করিয়া
৬ আমার ভুজের দিগে দেখিবে। হে তোমরা ঊর্দ্ধস্থ
স্বর্গেরদিগে ও নীচস্থ পৃথিবীর দিগে দৃষ্টি কর অবশ্য
স্বর্গ ধূমার মত গলিয়া যাইবে এবং পৃথিবী
বস্ত্রের ন্যায় পুরাতন হইয়া যাইবে তাহার সকল
নিবাসীরাও অতি জার কীটের মত ধ্বংস হইবে কিন্তু
আমার ত্রানকরন সদাকাল থাকিবে এবং আমার
ধর্ম্মের ক্ষয় হইবে না।—
৭ হে যথার্থজ্ঞেরা যে লোকেরদের অন্তঃকরণে আমার
ব্যবস্থা তোমরা আমার কথা শুনহ অভাগ্য মনুষ্যের
ধমকান ভয় করিও না ও তাহারদের নিন্দাতে
৮ পরাজিত হইও না। কেননা পোকা তাহারদিগকে বস্ত্রের
ন্যায় খাইয়া ফেলিবে কীট ও তাহারদিগকে মেষের
লোমের মত খাইবে কিন্তু আমার ধর্ম্ম সদাকাল
থাকিবে এবং আমার ত্রান সর্ব্ব পুরুষ বরাবরি।—
৯ হে য়িহ্বহার ভুজ জাগ জাগ বল পরিধান কর পূর্ব্ব
দিনের ন্যায় তাহাই পূর্ব্ব পুরুষ কালের ন্যায় চৈতন্য
হও যাহা রাহবকে কাটিল ও নাগকে ঘানিল তুমি
১০ কি তাহা নহ। সমুদ্র সে মহাগভীর জলই যে শুষ্ক
করিল সমুদ্রের গভীর স্থলকে মুক্ত লোকেরদের পার
১১ হওনের পথ যে করিল তুমি কি তাহা নহ। য়িহ্বহার
মুক্ত লোক এমত ফের আসিবে এবং মহানাদ করিতে২
সীয়োনে প্রবেশিবে তাহারদের মাথার মকুট অনন্ত হরিষ
হইবে তাহারা আনন্দ ও আহ্লাদ পাইবে এবং শোক
১২ ও কোঁকান পালাইবে। যিনি তোমাকে সান্ত্বনা করেন

৫১ একপঞ্চাশত্তীয় পর্ব্ব যিশাইয়া।

তিনি আমি আমিই। মরণীয় মানুষ এবং ঘাসের মত
১৩ ভবিতব্য মানুষের পুত্রকে যে ভয় করিবা এবং যিনি
স্বর্গগান মেলিলেন ও পৃথিবীর ভিত করিলেন এই
যিহুহা তোমার সর্জ্জককে বিস্মৃত হইবা এবং প্রতি
দিনে জোর কর্ত্তার ক্রোধেতে যেমতে সে নষ্ট করিতে
উদ্যত হইত এমন নিত্য ভয় করিবা কিন্তু জোর কর্ত্তা
ক্রোধ এখন কোথায় এ সকল করিতে তুমি কে।
১৪ যিনি বিদেশে বন্দিতকে উদ্ধার করিতে আইসেন
যেন কয়েদে মরে না ও তাহার ভক্ষ্যাভাব যেন না
১৫ হয় তিনি শীঘ্র আগমন করিতেছেন। আমি যিহুহা
তোমার ঈশ্বর সমুদ্রের ঢেও যদি ও অতিশয় গর্জ্জে
যিনি তাহা এক কালিন নিবৃত্ত করেন সৈন্যের যিহুহা
১৬ তাহার নাম। স্বর্গ মেলিতে ও পৃথিবীর ভিত করিতে
ও চীয়নকে তুমি আমার লোক এ কথা কহিতে
আমার বাক্য তোমার মধ্যে থুইয়াছি ও আমার
হস্তের ছায়ার তোমাকে ঢাকিয়াছি।

১৭ হে যিরোশলম যিহুহার হাত হইতে তাহার
ক্রোধবাটীর যে পান করিয়াছ তুমি গাত্রোত্থান কর
গাত্রোত্থান কর উঠ তুমি কম্পনবাটীর গর্দা পীয়াছ
১৮ তুমি তাহা নিঃড়া করিয়াছ। তাহার যত পুত্র প্রসব
হইয়াছে তাহারদের মধ্যে তাহার পথপ্রদ কেহ নহে
তাহার যে সকল পুত্র প্রতিপালন করিয়াছে তাহার
১৯ দের মধ্যে তাহার হাত ধরিতে কেহ নহে। শূন্যতা
ও সর্ব্বনাশ এ দুই তোমাকে ঘটিয়াছে তোমার কারণ
শোকিত হইবে কে আকাল ও তলোয়ার ও তোমাকে

২০ সান্ত্বনা করিবে কে। তোমার পুত্রেরা মোহিত হইল
তাহারা য়িহুহার ক্রোধ ও তোমার ঈশ্বরের বিষকাল
পূর্ণ হইয়া জালে আটকা মহিষের ন্যায় প্রতি গলির
মাথায় পড়িয়া রহে।
২১ অতএব হে ব্যাকুল কন্যা ও দ্রাক্ষারস ভিন্ন পানেতে
২২ মত্ত তুমি সম্প্রতি এ কথা শুনহ। য়িহুহা তোমার
ভগবান এবং স্বলোকের অন্যায় প্রতিদায়ী তোমার
ঈশ্বর এ কথা কহেন দেখ কম্পন বাটী আমার ক্রোধ
বাটীই তাহার গাদা তোমার হাত হইতে আমি লই
২৩ তোমার তাহা আরবার খাইতে হবে না। কিন্তু যাহারা
তোমাকে জোর করে যাহারা তোমাকে কহে হেঁট হও
আমরা তোমার ওপর দিয়া যাই তুমি ও যেমন মৃত্তিকা
ও যেমন গলি তেমন পথিকেরদের কারণ পিঠ
পাতিয়াছে তাহারদের হাতে আমি তাহা দিব।

পর্ব্ব হে জীয়ন জাগ চৈতন্য হও বল পরিধান করহ হে
৫২ য়িরোশলম পবিত্র নগর তোমার তেজস্কর পরিচ্ছদ
পর কেননা অত্বকচ্ছেদী ও অশুচি তোমার মধ্যে
২ আর কখন প্রবেশ করিবে না। হে য়িরোশলম
তোমার গাত্রের ধূলা ঝাড় তোমার ওষ্ঠাসন
আরোহণ কর হে জীয়নের অন্যদেশে বন্দিত কন্যা
৩ তোমার গলার বন্ধন খোল। কেননা য়িহুহা এ
কথা কহেন তোমরা কিছু অর্থে বিক্রীত হইলা না
এবং তঙ্কা না দেওনেতে তোমারদিগকে প্রতিমুক্ত
৪ করিতে হইবে। কেননা য়িহুহা ভগবান এ কথা
কহেন প্রথমে আমার লোক মিসরে প্রবাস করিতে

গেল এবং শেষে আশোরীরা তাহারদের উপর
৫ অন্যায় করিল। এবং এখন য়িহুহা কহেন আমার
আর কি করিতে আছে কেননা আমার লোক
কিছু না দিয়া লইয়া গিয়াছে য়িহুহা ও কহেন
যাহারা তাহারদের শাসক তাহারা তাহার বিষয় দর্প
কথা কহে এবং আমার নাম দিনবদিন তুচ্ছিত
৬ আছে। অতএব সে দিনে আমার লোক আমার
নাম জানিবে কেননা যিনি য়িহুহা প্রতিজ্ঞাবান তিনি
আমি দেখ আমি বর্ত্তমান ও আছি। আনন্দিত
৭ প্রেরিত কুশলপ্রচারক আনন্দিতমঙ্গলদসমাচার দায়ী
ত্রানপ্রচারক ছীয়নকে তবেশ্বর কর্ত্তৃত্ব করেন এ বাক্য
বাদী পর্ব্বতের উপরে তাহার পা কেমন সুন্দর দেখা
৮ যায়। তোমার কোতয়াল উচ্চস্বর করে তাহারা
একিবারে চেঁচায় কেননা যখন য়িহুহা ছীয়নে পুনর্ব্বার
৯ আইসেন তখন তাহারা মুখামুখি দেখিবে। হে
য়িরোশলমের ভাঙ্গা চুরা তোমরা উল্লাষিত হও
একত্রে চেঁচাও কেননা য়িহুহা আপনার লোককে
সান্ত্বনা করিয়াছেন তিনি য়িশরালকে মুক্ত করিয়া
১০ ছেন। য়িহুহা আপনার বীর্য্য ভুজ সকল দেশীয়েরদের
দৃষ্টি অদুলা করিয়াছেন এবং পৃথিবীর সকল সীমাস্থ
আমারদের ঈশ্বরের ত্রান দেখিতে পাইয়াছে।
১১ হে তোমরা প্রস্থান কর প্রস্থান কর সেখান হইতে
যাও অপবিত্র বস্তু ছুইও না তাহার মধ্যে হইতে যাও
১২ হে য়িহুহার পাত্রবাহীরা তোমরা শুচি হও। অবশ্য
তোমরা শীঘ্র বাহিরে যাইবা না এবং দৌড়িতেং গমন

করিবা না কেননা তোমারদের সম্মুখে যিহুহা গীত
করিবেন এবং য়িশ্রায়েলের ঈশ্বর তোমার পশ্চাৎ
১৩ লোকেরদিগকে আনিবেন। দেখ আমার সেবক
ভাগ্যবান হইবে তাহাকে উচ্চ ও মহত্ত্ব এবং
১৪ অতি সম্ভ্রান্ত করিতে হইবে। তাহার মুখ
মানুষের মুখ হইতে ও তাহার মূর্ত্তি মানুষ্যের সন্তান
হইতে এমন বিকৃতি ছিল তাহাতে যেমন অনেকে
১৫ তাহার দর্শনেতে চমতকৃত হইল তেমন ও তিনি
অনেক দেশীয়েরদিগকে ছিটাইয়া দিবেন তাহার
আগে রাজারা মুখ বন্ধ করিবেন কেননা যাহা
তাহারদের স্থানে পূর্ব্বে প্রকাশ হইল না তাহারা
তাহা দেখিতে পাইবে এবং যাহা শুনিতে পাইয়াছিল
না তাহা ও তাহারা মনে বিচার করিবে।

পর্ব্ব আমারদের সংবাদ আস্থা করিয়াছে কে য়িহুহার
৫৩ ভুজ ও কাহার কাছে প্রকাশ হইয়াছিল। কেননা
যেমন কোমল চারা ও যেমন শুষ্ক ভূমি থাকিয়া মূলের
মঞ্জুরি তেমন ও তিনি তাহারদের দৃষ্টিতে বাড়িবেন
আমরা যে তাহাকে প্রিয় মানিব তাহার এমন রূপ নহে
এবং সৌন্দর্য্য ও নহে ও এমন তাহার মুখ নহে যে
৩ আমরা তাহাকে ইচ্ছা করিব। তিনি তুচ্ছিত এবং
মনুষ্যের মধ্যে গণিত নহে দুঃখী ও শোক পরিচায়ী
তিনি কোন কাহার মত যে মুখ আমারদিগ হইতে
লুকায় তিনি তুচ্ছিত ছিলেন আমরা ও তাহাকে
৪ আদর করিলাম না। অবশ্য তিনি আমারদের

দুঃ[illegible] সহিয়াছেন ও আমারদের দুঃখ ভোগ
করিয়াছেন কিন্তু আমরা ভাবিলাম যে তিনি বিচার
[illegible]তে প্রহারিত ও ঈশ্বর নিগৃহীত ও পীড়িত।
৫ কিন্তু তিনি আমারদের ঘাইটের কারণ তাড়িত আমার
দের অপরাধের কারণ প্রহারিত ছিলেন যে শাস্তিতে
আমারদের কুশল হয় তাহা তাহার উপরে দেয়া
গেল এবং তাহার প্রহারেতে আমারদের পীড়া মোচন
৬ হইল। আমরা সকল মেষের মত চুকে ভ্রমণ
করিয়াছি আমরা প্রতি জন আপনং পথে ফিরিয়াছি
যিহোহা আমারদের সকলের অপরাধ ভোগ তাহার
৭ উপরে বসাইয়াছেন। তাহা বেবাক চাহা গেল এবং
তিনি নিশাদাড়া নিযুক্ত হইলেন কিন্তু মুখ খুলিলেন
না যেমন মারধাথে লইয়া যাওয়া মেষের বাচ্চা ও যেমন
তাহার লোম কাটকের সম্মুখে মেষ গোঙ্গা আছে
৮ তেমন তিনি মুখ খুলিলেন না। তিনি অন্যায় বিচারে
ছেদিত ছিলেন তাহার গতি ও কে বলিতে চাহিল
কেননা তিনি জীবন্তের দেশ হইতে ছেদিত হইলেন
আমার লোকের ঘাইটের কারণ তিনি মৃত করাঘাত
৯ খাইলেন তিনি কোন চুক করিলেন না এবং তাহার
মুখে প্রতারণা ও পাওয়া গেল না কিন্তু দুষ্টেরদের
সহিত তাহার কবর করণ নিয়ম ছিল এবং ধনবানের
১০ সহিত তাহার কবর স্থান ছিল। কিন্তু তাহাকে
দুঃখ চেষ্টা করিতে যিহোহার সন্তোষ ছিল যদি
তাহার প্রাণ প্রায়শ্চিত্ত উৎসর্গ করিয়া থাকে তবে
তিনি চিরকাল থাকা বংশ দেখিবেন এবং যিহোহার

১১ দয়াকারী নিয়ত তাহার হাতে সিদ্ধ হইবে। তিনি
আপন প্রাণের যন্ত্রনায় ফল দেখিতে পাইবেন ও তৃপ্ত
হইবেন তৎজ্ঞানেতে আমার ধার্ম্মিক সেবক অনেককে
যথার্থিকে করাইবেন কেননা যিনি তাহারদের
১২ অযথার্থের ভোগ করিবেন। অতএব তাহার বাটের
কারনে তাহাকে সে অনেক দিব বলবান লোকেরা ও
তাহার লুটাংশ হইবে কেননা তিনি মরন পর্য্যন্ত আপন
প্রান ব্যয় করিলেন ও দোষীরদের সহিত গনা
গেলেন এবং অনেকের পাপের ভোগ করিলেন এবং
দোষগ্রস্তেরদের কারন উপাসনা করিলেন।

পর্ব্ব হে বন্ধ্যা যে গর্ব্ভ না ধরিয়াছ আনন্দ চীৎকার
৫৪ কর হে তুমি যে প্রসব হইলা না আনন্দ ধ্বনি
এবং উল্লাষ শব্দ করহ কেননা যিহুহা বলেন
অবিবাহিত স্ত্রীলোকের শিশু বিবাহিতের শিশু
২ হইতে অধিক হইবে। তোমার তাম্বুর জায়গা বাড়াও
তোমার তাম্বুর সামিয়ানা বৃদ্ধ হউক ভয় নাই দড়ী
৩ লম্বা কর খুটি মজবুত গড়। কেননা দক্ষিনে বামে
তুমি বহ বাড়াইবা তোমার সন্তানেরা অন্যদেশীয়
লোকাধিকার পাইবে তাহারা ও নরশূন্য নগরে
৪ বসতি করিবে। তুমি ভয় করিও না কেননা তোমার লজ্জা
হইবে না বিবর্ন ও হইও না কেননা তোমার অপমান
হইবে না তোমার যুবাকালের লজ্জা ও বিস্মৃত হইবা
তোমার বিধবা হওয়া কলঙ্কের ও তোমার স্মরনে
৫ আসিবে না। কেননা তোমার সৃষ্টিকর্ত্তা তোমার

সৈন্যের ঈশ্বর যিহ্বহা নামবিশিষ্ট যিনি তিনি তোমার
স্বামী যিশরায়েলের ধর্ম্ম্য যিনি তিনি তোমার মুক্তিদ
তিনি ও সমস্ত পৃথিবীর ঈশ্বর বিখ্যাত হইবেন।
৬ কেননা তোমার ঈশ্বর কহেন যেমন ত্যাগী ও বড়
দুঃখী স্ত্রী লোক এবং যেমন যুবাবস্থায়ির বাহিত
হওনের পরে স্বামী ত্যাগী বধূ তেমন যিহ্বহা তোমাকে
৭ পুন ডাকিয়াছেন। অল্প ক্রোধে আমি তোমাকে ত্যাগ
করিয়াছি কিন্তু বহু ক্ষমা করিয়া তোমাকে পুন গ্রহণ
৮ করিব। যিহ্বহা তোমার মুক্তিদ কহেন আমি কিঞ্চিত
কালের ক্রোধে তোমা হইতে এক পলকে মুখ লুকাই
য়াছি কিন্তু অনন্ত প্রীতি করিয়া তোমাকে কৃপা করিব।
৯ নোহের দিনে যে কালে এ কিরা করিয়াছিলাম যেমন
আমি তৎকালে কহিয়াছি নোহের জল পৃথিবী আর
ব্যাপিবে না তেমন আমি করিব সে মত ও যে আমি
আর ক্রুদ্ধ হইব না এবং তোমাকেও আর ধমকাইব না
১০ আমি এই কিরা করিয়াছি। কেননা যিহ্বহা যিনি
তোমাকে বহু প্রেম করেন তিনি এ কথা কহেন পর্ব্বত
লড়াইতে হবে এবং গিরি ওল্টাইতে হইবে কিন্তু
আমার প্রীত আর তোমা হইতে লড়িবে না এবং
আমার কুশল করণ বন্দোবস্ত ওল্টাইতে হইবে না।
১১ হে দুঃখী ঝড়মারিত ও সান্ত্বনাহীন দেখ আমি
সিন্দুরেতে তোমার পাথর বসাইব এবং তোমার ভিত
১২ পাঁচির মনি হইবে। এবং তোমার আলিসা অগ্নি
স্কান্ত মনি তোমার দ্বার ও সূর্য্যকান্ত মনি করিব
এবং তোমার সকল দেয়াল মাত্রই বহুমূল্য প্রস্তর

১৩ হবে। তোমার সকল শিশু ও য়িহুহার শিক্ষিত হবে
১৪ এবং তোমার শিশুর ভাগ্য বিস্তর হইবে। তোমাকে
ধর্ম্মে স্থির করিতে হইবে তুমি অন্যায় হইতে দূর
হও বটে তাহা তুমি ভয় করিবা না শঙ্কা হইতে দূর
১৫ হও কেননা তাহাও তোমার নিকট আসিবে না। দেখ
তাহারা সকল এক যোগ হইবে কিন্তু আমার আজ্ঞাতে
নহে যে কেহ তোমার বিপরিতে বন্দোবস্তে বদ্ধিত
১৬ আছে সে তোমার পক্ষে আসিবে। দেখ কয়লা
ফুকানা অগ্নি করা ও কার্য্য মত হাতিয়ার করা কর্ম্ম
কার যে জন তাহাকে আমি সৃষ্টি করিয়াছি আমিও
১৭ বিনাশ করনার্থে নাশককে সৃষ্টি করিয়াছি। তোমার
বিপরিতে যে অস্ত্র ধানান হইয়াছে তাহা থাকিবে না
এবং যে প্রতি জিহ্বা তোমার সহিত বিবাদ করে তাহা
তুমি পরাস্ত করিবা এ য়িহুহার সেবকেরদের অধি
কার য়িহুহাও কহেনতা হারদের নির্দ্দোষিতা হওন
আমা হইতে আছে।

পর্ব্ব ৫৫ হে প্রতি জন যে তৃষ্ণিত আছ তোমরা জলের কাছে
আইস যাহার কিছু রূপা নাহি তোমরা আইস কেন
কর খাও বটে আইস দ্রাক্ষারস ও দুগ্ধ রূপা ব্যতিরেক
২ ও মূল্য ব্যতিরেক ক্রয় করহ। যাহা খাদ্য নহে তাহার
কারণ তোমারদের রূপা তোল করিয়া কেন দিতেছ তৃপ্তি
যাহাতে নহে তাহার কারণ কেন শ্রম দিতেছ অবধান
কর এবং আমার বাক্য শুনিয়া যাহা নিতান্ত ভাল
তাহা খাও এবং উত্তম ভক্ষ্যতে তোমার মনের অভি
৩ লাষ যেন পূর্ণ হয়। অবধান করিয়া আমার নিকট

আইস শুন তাহাতে তোমার প্রাণ বাঁচিবে এবং
আমি ও এক অনন্ত বন্দোবস্ত তোমার সহিত করিব
যে অক্ষয় প্রতিজ্ঞা দাউদের প্রতি করিয়াছি তাহা
৪ তোমারদিগকে আমি দিব। দেখ লোকেরদের
নিকট সাক্ষী এবং ভিন্ন দেশবাসিরদের শাসন
কর্ত্তা ও ব্যবস্থা কর্ত্তা হওনের কারণ আমি তাঁহাকে
৫ স্থাপন করিয়াছি। দেখ যে দেশীয় লোক তুমি জানিলা
না তাহারদিগকে তুমি ডাকিবা এবং দেশীয়েরা যে
তোমাকে চিনিল না য়িহুহা তোমার ঈশ্বর যে
য়িশরালের ধর্ম্মোরাধ্যে তোমার কাছে দৌড়িবে
কেননা তিনি তোমার গৌরব করিয়াছেন।
৬ যে কাল য়িহুহা পাওয়া যাবেন সে পর্য্যন্ত তাঁহার
অন্বেষণ কর তিনি যেক্ষণ নিকট আছেন তৎকালে
৭ তাঁহার কাছে প্রার্থনা কর। দুষ্ট লোক তাহার পথ
এবং অযাথার্থিক লোক তাহার মানস ত্যাগ করুক
সে ও য়িহুহার কাছে ফিরুক কেননা তিনি দয়া করিয়া
তাহাকে গ্রহণ করিবেন আমারদের ঈশ্বরের দিগে
ও ফিরুক কেননা তিনি মাফ করণেতে আরত
৮ আছেন কেননা য়িহুহা কহেন আমার মানস তোমার
মানস নহে তোমারদের ধারা ও আমার ধারা
৯ নহে। কেননা যেমত স্বর্গ পৃথিবী হইতে উচ্চ তেমত
আমার গতি তোমারদের গমন হইতে এবং আমার
মানস তোমারদের মানস হইতে আছে।
১০ যেমন বৃষ্টি এবং বরফ স্বর্গ হইতে বর্ষিয়া সেখানে
পুনর্ব্বার যায় না কিন্তু বুনককে বীজ ও খাদককে

খাদ্য দেওনের নিমিত্তে পৃথিবী সেঁচে এবং উৎপন্নবা
১১ ও ফলবান করে। তেমন আমার মুখনির্গত
বাক্য অবশ্য হবে তাহা আমার কাছে বৃথা ফিরিবে
না কিন্তু যাহা আমি নিয়ম করিয়াছি তাহা পূর্ণ
করিবে এবং যে নিমিত্ত সাবিনেতে পাঠাইলাম তাহা
১২ সিদ্ধি করিবে। তোমারা অবশ্য আনন্দ করিতেং
যাত্রা করিবা এবং কুশলে তোমরাদিগকে আগেং
লইয়া যাইতে রহিবা গিরি পর্ব্বতাদি তোমারদের
অগ্রভাগে গান করিতে লাগিবে ক্ষেত্রের সকল
১৩ বৃক্ষ ওহাত তালি দিবে। কাটাগাছের স্থানে বরোশ
বৃক্ষ বাড়েহে এবং শ্যাকুলের স্থানে হদশ বৃক্ষ হবে
তাহাও য়িহহার এক সরণার্থের কারণ এক নিত্য
অলোপনীয় চিহ্নের কারণ হইবে।

পর্ব্ব ৫৬
য়িহহা এ কথা কহেন তোমরা ন্যায় পালন করণ
এবং প্রকৃত কার্য্য কর কেননা আমার ত্রাণ সান্নিধ্য
এবং আসিতে ওরাত আছে তাহা প্রকাশিত হইতে
প্রস্তুত আছে এবং আমার বীর্য্য দেখাইবার মত আছে।
২ যে মরণীয় মানুষ ইহা করে সে ধন্য এবং যে মনুষ্যের
পুত্র ইহা ধরে যে শাবত পালন করিয়া তাহা অশুচি
করে না এবং যে আপনার হাতকে কুকর্ম্ম করিতে
নিষেধ করে।

৩ যে বিদেশীয়ের পুত্র য়িহহার নিকটে থাকে য়িহহা
তাহার লোক হইতে আমাকে যোদোয়ুক্তা যুদা করি
ছেন সে এ কথা কহক না খোজাও আমি এক শুষ্ক
৪ বৃক্ষ এই কথা কহক না কেননা যে খোজারা আমার

শাবত পালন করে ও আমার সন্তোষক ক্রিয়া পসন্দ
করে ও আমার বন্দোবস্ত একান্ত মানে তাহারদিগকে
৫ যিহুহা এ কথা কহেন। আমার ঘরে ও আমার দেয়ালের
ভিতরে আমি পুত্র কন্যা হইতে বড় স্মরণার্থ ও নাম
দিব তাহারদিগকে আমি ঐক অক্ষয় নিত্য অচ্ছেদনীয়
৬ নাম দিব। যিহুহার সেবা করন ও তাহার নাম
প্রেম করন ও তাহার দাস হওনের জন্য বিদেশীয়েরদের
পুত্রেরা যত জন যিহুহার নিকটস্থ হওনের আকিঞ্চন
করে যেই প্রতি জন শাবত পালন করিয়া তাহা অশুচি
৭ করে না এবং আমার বন্দোবস্ত দৃঢ় মানে তাহার
দিগকে আমার পবিত্র পর্ব্বতে আমি আনিব এবং
আমার প্রার্থনাগারে তাহারদিগকে আনন্দিত
করাইবা তাহাহদের হোম ও বলিদান আমার যজ্ঞ
কুণ্ডের উপরে গৃহীত হবে কেননা আমার আলয়
সকল লোকেরদের কামনাগার খ্যাত হইবে।—
৮ যিহুহা ভগবান যিনি যিশরালের অজ্ঞানীয়েরদিগকে
একত্র করেন তিনি এ কথা কহেন যে লোকেরা তাহার
সমভিব্যাহারী হইয়াছে তাহারদের ছাড়া আমি ইহার
৯ পরে আর২ তাহার কাছে একত্র করিব। হে মাঠস্থ
সকল জন্তু তোমরা আইস হে বন পশুরা তোমরা
খাইয়া ফেলিতে আইস।—
১০ তাহার চৌকিদার সকলেই কানা ও তাহারা অজ্ঞান
তাহারা সকল গোঙ্গা কুক্কুর তাহারা ভুকু২ করিতে
পারিবে না তাহারা স্বপ্নদর্শী নিদ্রালু ঘুমানিচ্ছুক।
১১ বটে এ কুক্কুরেরা আশক্ত খাইবার ইচ্ছাবিশিষ্ট তাহারা

পরিতুষ্ট হইতে জানে না রক্ষকেরা ও অজ্ঞানি
বুঝিতে পারে না তাঁহারা সকল আপনারদের পথে
ফিরে মহৎ ইত্যাদি প্রতি জন ও আপনং প্রাপ্তি চেষ্টা
১২ করে। আইস আমরা দ্রাক্ষারস আয়োজন করি
আমরা বহু সুরা পান করি এবং যেমন আজিকার
ভক্ষ্য তেমন বড় ও তাহা হইতে অতিশয় কল্যকার
হইবে।

পর্ব্ব ৫৭ ধার্ম্মিক লোকের ক্ষয় হইয়াছে এবং কেহ চিন্তা
করে না পুন্যবান লোকেরা ও স্থানান্তরে নীত
হইয়াছে এবং দুর্গতির নিমিত্ত যে ধার্ম্মিক নীত
২ হইয়াছে তাহা কেহ বুঝে না। সাধু মানুষ যে
সোজা পথে গমন করে তিনি কুশলে যাবেন নিজ
শয্যার উপর তিনি বিশ্রাম করিবেন।
৩ কিন্তু গনকের পুত্রেরা পারদারিক ও বেশ্যার সন্তা
৪ নেরারে তোমরা এখানে আইস। তোমরা কাহার দ্বেষ
কর তোমরা কাহাকে নিন্দা করিতেছ তোমরা কাহাকে
৫ দেখিয়া মুখে ভ্যাঙ্গাও এবং জিহ্বা লকলক কর। প্রতি
জন সবুজ বৃক্ষের তলে দেবকামে জ্বলিতেং ও বালককে
মাঠে ও পর্ব্বতের গুহে মারিতেং তোমরা কি ঈশ্বরের
৬ ত্যাগি জালিয়া ও মিথ্যা সন্তানেরা নহে। মাঠের চিক্কন
পাথরের মধ্যে তোমার অধিকার এইং তোমার
অংশ তুমি ইহারদের ঠাঁই পানীয় উৎসর্গ ঢালিয়াছ
তোমার নিবেদনার্থীয় বস্তু ও দিয়াছ আমি কি সন্তুষ্ট
৭ হইয়া এ কার্য্য দেখিতে পারি। তুমি উচ্চ পর্ব্বতের
উপরে তোমার শয্যা থুইয়াছ তুমি সেখানে উৎসর্গ

৮ করিতে গিয়াছ। তুমি কপাট এ বাজুর পাছে তোমার
স্মরণার্থ থুইয়াছ তুমি আমাকে ছাড়িয়া স্থানান্তরে
গিয়াছ তোমার শয্যা তুমি বাড়াইয়াছ তুমি ও তাহার
দের সহিত বন্দোবস্ত করিয়াছে তাহারদের শয্যা তুমি
ভাল বাসিয়াছ তুমি সে কারণ স্থান প্রস্তুত করিয়াছ।
৯ তুমি তৈলের নজর লইয়া রাজার কাছে গিয়াছ এবং
তোমার বহুমূল্য তৈল অনেক২ করিয়াছ তুমি ও
তোমার উকিল অতি দূর পাঠাইয়াছ এবং আপনার
১০ অতুয় অদৃশ্য জগত পর্য্যন্ত করিয়াছ। তোমার দীর্ঘ
যাত্রাতে আপনাকে শ্রান্ত করিয়াছ তুমি কহিয়াছ ভরসা
নহে তুমি আপনার যেইনত করিয়া জীবনের ভক্ষ্য
১১ পাইয়াছ অতএব ঘোলোয়ানা মূর্চ্ছা না হইয়াছ। তুমি
মিথ্যা কার্য্য করিয়াছ এবং আমাকে মনে না রাখিয়াছ
তাহা ও মনে না ভাবিয়াছ এই করনের নিমিত্ত তুমি
কাহার কাছে এমন মহাভীত হইয়াছিলা তাহা কি আমার
চুপ করিয়া থাকল ও চক্ষুটিপনের নিমিত্ত তুমি ও আমাকে
১২ ভয় না করিয়াছ। কিন্তু আমি তোমার বীর্য্য প্রকাশ
করিব এবং তোমার কার্য্য তোমার উপকার হইবে না।
১৩ তোমার চেচাঁন কালে তখন তোমার সহকারী তোমার
পরিত্রান করুক কিন্তু বায়ুতে তাহারদিগেকে লইয়া
যাবে এক ফুক তাহারদিগকে উড়াইবে কিন্তু যে জন
আমার শরন লয় সে জন দেশাধিকার পাইবে এবং
আমার পবিত্র পর্ব্বত ও পাইবে।—
১৪ —তখন আমি বলিব বন্ধ পথ বন্ধ পথ পরিস্কার কর
১৫ আমার লোকের পথ হইতে প্রতি বাধা লড়াও কেননা

যিহুহা যিনি মহা ও উচ্চ যিনি অনন্তকাল নিবাসী
যাহার নাম ধির্ম্মা তিনি এ কথা কহেন আমি উচ্চ ও
পবিত্র স্থানে বাস করিব. এবং নম্র লোকের আত্মা
জীয়াইতে এবং ভাঙ্গা লোকের অন্তঃকরণে প্রাণ
দান দিতে আমি ও ভগ্নাত্মা ও নম্র লোকেরদের
১৬ সহিত থাকি। কেননা আমি নিত্য বিমকাইব
না আমি ও সদাকাল ক্রুদ্ধ হইব না তা হইলে আমার
সম্মুখে আত্মা ও আমার হস্তকৃত প্রাণ দুঃখ জরিত
১৭ হইত। তাহার অপকৃত ক্রিয়ার কারন আমি
কিঞ্চিত কাল ক্রুদ্ধ ছিলাম আমি কোপান্বিত হইয়া মুখ
লুকাইয়া তাহাকে মারিলাম পরে সে আপনার অন্তঃ
১৮ করণের পথে বাহুড়িয়া প্রস্থান করিল। আমি
তাহার গমন দেখিয়াছি আমি তাহাকে সুস্থ করিয়া
তার পথ দর্শক হইব তাহাকে ও তাহার শোকাভিষ্ঠ
১৯ লোকেরদিগকে আমি ও সান্ত্বনা করিব। যিহুহা
কহেন ওষ্ঠাধিরের ফল যাহা তাহা আমি সৃষ্টি করি
নিকটস্থ যে জন তাহার কুশল ও দূরস্থ যে জন তাহার
২০ কুশল আমি ও তাহাকে সুস্থ করিব। কিন্তু দুষ্ট
লোক আলোড়িত সমুদ্রের মত কেননা তাহা কখন
স্থির হইতে পারিবে না কিন্তু তাহার জলেতে মল
২১ ও কাদা উঠে। আমার ঈশ্বর বলেন পাপিরের
কিছু কুশল নাহে।—

পর্ব্ব ৫৮

উচ্চৈঃস্বরে চেঁচাও ক্ষমা করহ না তোমার রব তুরির
মত উঠাইয়া আমার লোকেরদের দাইট তাহারদিগকে
দেখাও এবং যাকুবের বংশের পাপ তাহার কাছে

২ প্রকাশ কর। কিন্তু তাহারা দিনবদিন আমাকে
চেষ্টা করে এবং ধর্ম্মকারী ও আপন ঈশ্বরের
ব্যবহার যে ত্যাগ করিল না এমন লোকেরদের মত
আমার পথ জানিতে তাহারদের সন্তোষ আছে
তাহারা ধর্ম্ম ব্যবস্থার বিষয় আমাকে নিত্য জিজ্ঞাসা
করে ঈশ্বরের নিকট আসিতে তাহারদের ও সন্তোষ
৩ আছে। আমরা উপবাস করিলে তুমি কেন দেখ না
আমরা আপনারদের প্রাণের দুঃখ দিলে তুমি কেন
মান না দেখ তোমারদের উপবাস করণ দিনে
তোমরা সুখভোগ কর এবং মেহনতের বরাওর্দ্দ-
৪ তোমরা কিছুই ছাড় না। দেখ বকড়া ও বিরোধ এবং
গরিব লোককে কিল মারিতে তোমরা উপবাস কর
তোমারদের রব উপরে শুনাইতে আমার কাছে
৫ এমন উপবাস কর কেন। তবে মনুষ্য এক
দিনের কারণ প্রাণের দুঃখ দিতে ও পাতির মত মাতা
নোয়াইতে এবং তাহার কোঁচের জন্য চট ও ছাই
বিছাইতে এই কি উপবাস ও যিহুহার এক গ্রাহ্য দিন
৬ বলিতে হবে। দুষ্টতার বন্ধন মোচন করণ পীড়া
দায়ক ভার খোলন বলাৎ চেষ্টারদের উদ্ধার করণ
এবং প্রতিবাঁক ভাঙ্গিয়া ফেলন যে উপবাস আমি
৭ পসন্দ করি তাহা কি এই নহে। ক্ষুধিতকে ভক্ষ্য
বাঁটন ও ভ্রমণীয় গরিবেরদিগকে তোমার ঘরে
আনন উলঙ্গ দেখিয়া তাহাকে বস্ত্রাচ্ছাদন এবং
আপনার মাংস হইতে না গোপন এই কি আমার

৮ পসন্দিত উপবাস নহে। এই হইলে তোমার দীপ্তি
ভোরের মত প্রকাশ হইবে তোমার ঘা ও শীঘ্র শুষ্ক হইবে
তোমার ধর্ম্ম তোমার অগ্রে২ ও যাইবে এবং যিহুহার
তেজ তোমার পশ্চাৎ লোকেরদিগকে সহিত আনিবে।
৯ তখন ও তুমি ডাকিলে যিহুহা প্রত্যুত্তর করিবেন
তুমি চীৎকার করিলে তিনি বলিবেন দেখ আমি
১০ এখানে। যদি তোমার মধ্য হইতে বাঁক ও অঙ্গুলির
শাড়া ও নিন্দা করন কথা দূর কর যদি ক্ষুধিতকে ভক্ষ্য
দেও ও দুঃখিত প্রাণীকে পরিতুষ্ট কর তবে অন্ধকারে
তোমার দীপ্তি উদয় হবে এবং তোমার অন্ধকার
১১ মধ্যাহ্নের তুল্য হবে যিহুহা ও তোমাকে নিত্য
লওয়াবেন এবং মহা দর্জল সময়েতে তোমার প্রাণ
তৃপ্তি করিবেন তিনিও তোমার বল পুনর্ব্বার দিবেন
এবং তুমি সুন্দর জলসেচা উদ্যান ও উথলীয় নিত্য
১২ জলযুক্ত উনুইর মত হইবা: পূর্ব্বকালের ভাঙ্গা চুরা ও
তোমার সন্তান গাঁথিবে তাহারা পূর্ব্বকালের ভিতের
উপর গাঁথিবে এবং ভঙ্গাবেড়মারী দেশনিবাসীদের
১৩ গন্তব্য পথ ভদ্রকারী তোমার নাম বলিতে হইবে তুমি
যদি শাবত হইতে ও আমার পবিত্র দিনে আপনার
অভিলাষিত ক্রিয়া করন হইতেই তোমার পদ নিষেধ
কর এবং শাবত তোষক দিন যিহুহার পবিত্র পর্ব্ব
আদর বিশিষ্ট যদি বল এবং আপনার নিয়ম ও
আপনার সুখ চেষ্টা এবং অকারন কথা কহন ত্যাগ
১৪ করিয়া তাহার সম্ভ্রম ও যদি কর তখন তুমি যিহুহায়
সন্তোষ পাইবা আমি ও তোমাকে পৃথিবীর উচ্চ

স্থানারোহন করাইব এবং তোমার পিতা যাকুবের
অধিকার ও পজীবিকা তোমাকে করিব কেননা
যিহুহার মুখ তাহা কহিয়াছেন।

পর্ব্ব ৫৯ দেখ যেমন মুক্ত করিতে পারে না তেমন যিহুহার
হাত খোড়া নহে ও যেমন শুনিতে না পারে তেমন
২ তাহার কর্ণ ও ভারি নহে। কিন্তু তোমারদের
অযথার্থ তোমারদিগকে এবং তোমারদের ঈশ্বরকে
ভিন্ন করিয়াছে তোমারদের পাপ ও তাহার মুখ তোমার
দিগ হইতে গুপ্ত করিয়াছে তাহাতে তিনি শুনেন না
৩ কেননা তোমারদের হাত রক্তেতে ও তোমারদের
অঙ্গুলি অযথার্থেতে অশুচি আছে তোমারদের
ওষ্ঠাধর মিথ্যা কথা কহে ও তোমারদের জিহ্বা
৪ দুষ্কৃতি কথা মনং করে। শূন্যতায় বিশ্বাস করিতেং
ও মিথ্যা কথা কহিতেং হিংসা গর্ব্ব ধারিতেং
ও অযথার্থ প্রসব হইতেং কেহ ধর্ম্মে মকদ্দমা
করে না এবং কেহ সত্য উত্তর প্রত্যুত্তর করে না।
৫ তাহারা ফনাধরের ডিম্ব ফুটায় এবং মাকসার
জাল বুনে যে জন তাহারদের ডিম্ব খায় সে
৬ মরে তাহা ও ভাঙ্গিলে ফনাধর বাহিরে। তাহার
দের জাল পরিচ্ছদ হইবে না এবং তাহারা
আপনারদের কার্য্যে আপনারদিগকে ঢাকিবে না
তাহারদের কার্য্য অযথার্থ কার্য্য তাহারদের
৭ হাত ও বলাৎ কার্য আছে। তাহারদের পা
কুক্রিয়া করিতে বেগে দৌড়ে তাহারা ও অহিংসুককে
খুন করিতে শীঘ্র করে তাহারদের মনন অনুকূত

মনন তাহারদের পথে সর্ব্বনাশ ও অভাগ্য
৮ আছে। তাহারা কুশলের পথ চিনে না তাহার
দের গমনে ও বিচার নহে তাহারা আপনারদের
কারণ বাঁকা পথ করিয়াছে যে কেহ তাহা দিয়া
৯ যায় সে কুশল জানে না। অতএব বিবেচনা আমার
দিগ হইতে দূর থাকে এবং প্রকৃত কর্ম্ম আমার
দিগকে ধরে না আমরা আলো অপেক্ষ করি কিন্তু
দেখ অন্ধকার আমরা তেজ অপেক্ষ করি কিন্তু
১০ ঘোরতায় ভ্রমন করে। আমরা অন্ধ লোকেদের
মত দেয়ালের জন্য হাতড়িয়াং যাই আমরা
অদৃষ্টি লোকেদের মত ভ্রমন করে আমরা যেমন
সন্ধ্যাকালে তেমন মধ্যাহ্নকালে ওচোটে যাই আমরা
যেমন মরা লোকেরদের মধ্যখানে তেমন সুভক্ষ্যের
১১ মধ্যখানে ব্যবহার করে। আমরা সকল ভালুকের
মত গর্জ্জি এবং ঘুঘুর ন্যায় শব্দ করি আমরা
বিচার অপিক্ষ করি কিন্তু তাহা নহে ত্রাণ
ও অপিক্ষ করি কিন্তু তাহা আমারদিগ হইতে দূর
১২ থাকে। কেননা তোমার গোচরে আমারদের দোইট
অনেক বাড়িয়াছে এবং আমারদের পাপ আমারদের
ঠকায় করে কেননা আমারদের দোইট আমার
দের কাছে লাগিয়া থাকে এবং আমরা আমারদের
১৩ অন্যায় কবুল করি। খণ্ডত করন ও যিহুহার
বিরুদ্ধে মিথ্যা কথা কহন ঈশ্বরের পশ্চাদ্বর্ত্তিতা
হইতে ফিরন হিংসুক কথা কহেন আজ্ঞালঙ্ঘন
চাওয়ান এবং অন্তঃকরণে মিথ্যা কথা জন্মালেতে

১৪ বিচার ও অন্যদিগে ফিরাইত আছে এবং পুকৃত
করন দূরে দণ্ডায় কেননা গলিতে সত্যতা ও ছোট
খাইয়াছে এবং সাধুতা পুবেশ করিতে পারিল না
১৫ সত্যতা ও নিতান্ত অপ্রাপ্য হইয়াছে যে জন কুকর্ম্ম
পথে যায় না তাহার লুটিত হওন আপদ আছে।
যিহুয়া এই দেখিলেন এবং বিবচনা না হওনেতে
১৬ তাহার অসন্তোষ ছিল। তিনি ও দেখিলেন যে
কেহ বর্ত্তমান নহে এবং কেহ মধ্যস্থ না হওনেতে
চমৎকৃত ছিলেন তখন তাহার আপনার ভুজ
আপনার কারন উদ্ধার ক্রিয়া করিলেন তাহার
১৭ স্বধর্ম্ম ও তাহাকে রক্ষা করিল। তিনি ও বক্ষ পত্রের
মত ধর্ম্ম পরাইলেন এবং ত্রান টোপর তাহার
মাথাতে ছিল তিনি বস্ত্রের কারন পুতিফল দেওন
পরিধান করিলেন তিনি ও সালের মত ধর্ম্মতাপ পরি
১৮ ধান করিলেন। তিনি পুতিফল দেওনেতে শক্ত যিনি
পুতিফল দেওনেতে শক্ত তিনি কর্ম্মের ফল দিবেন
তাহার শত্রুরদিগকে ক্রোধ দিবেন তাহার বৈরীরদিগকে
ও কর্ম্মের ফল দিবেন অতিদূর সীমাস্থেরদিগকে তিনি
১৯ পুতিফল দিবেন। তিনি যখন মহা বায়ুতে ঠেলা
গমনে আটা নদীর মত আসিবেন তখন পশ্চিম
দিগ নিবাসীরা যিহুহার নাম ভয় করিবে এবং
২০ সুর্য্যোদয়স্থ নিস্থেরা তাহার গৌরব মানিবে। যিহুহা
কহেন মুক্তিদ ও চীয়নে আসিবেন এবং যাকুব হইতে
২১ অযথার্থ ফিরাইবেন। যিহুয়া ও কহেন যে বন্দোবস্ত
আমি তাহারদের সহিত করিব তাহা এই আমার

যে আত্মা তোমার ওপরে আছে ও আমার যে
কথা তোমার মুখে দিয়াছি সেই তোমার মুখ হইতে
ও তোমার সন্তানেরদের মুখ হইতে ও তোমার
সন্তানেরদের সন্তানের মুখ হইতে এ কালাবধি
কখন যাইবে না।

পর্ব্ব ৬০ ওঠ দীপ্তিবনি হও কেননা তোমার দীপ্তি আসিয়াছে
এবং য়িহুহার তেজ তোমার ওপর ওঠিয়াছে কেননা
২ দেখ অন্ধকার পৃথিবী ঢাকিবে এবং ঘোর কুজ্ঝটি
দেশীয় লোকেরদিগকে ঢাকিবে কিন্তু য়িহুহা তোমার
ওপর ওঠিবেন এবং তাঁহার তেজ তোমার ওপর দৃষ্ট
৩ হবে। অন্য দেশীয় লোকেরা তোমার দীপ্তিতে এবং
৪ রাজাগন তোমার ওদয়েতে গমন করিবে। তুমি চতু
র্দ্দিগে দৃষ্টি করিয়া দেখ তাহারা সকল একত্র হইয়াছে
তাহারা তোমার কাছে আসিতেছে তোমার পুত্রগন
দূর হইতে আসিবে এবং তোমার কন্যাগন ও কোলে
৫ করিয়া বহিতে হইবে। যখন সমুদ্রের ধন তোমার
ওপর চালিতে হয় যখন দেশীয়েরদের ধন তোমার
স্থানে আইসবে তখন তুমি দেখিবা ও আনন্দেতে
ওথলিবা তোমার হৃদয় ও ভীত হইবে এবং বিস্তারিত
৬ হইবে। ওট বন্য মদিন ও ঐফার ওষ্ট্রবাই তোমাকে
ঢাকিবে শবা নিবাসীরা সকলে আসিবে তাহারা
স্বর্ণ ও লবান বহিবে এবং হৃষ্ট হইয়া য়িহুহার
৭ স্তব করিবে। কদরের সকল পশু পাল তোমার কাছে
একত্র হইবে নবাতের মেঘেরা তোমার সেবা করিবে
তাহারা আমার যজ্ঞকুণ্ডের ওপরে গাহ্য হইয়া

উঠিবে আমার সুন্দর মন্দির ও আমি সুন্দর করাইব।
৮ যাহারা মেঘ এবং ওড্ডীয়মান ঘুঘুর মত ওড়ে তাহারা
৯ কে। য়িহুহা তোমার ঈশ্বরের নাম এবং য়িশরালের
ধর্ম্মার নামের কারণ সমুদ্রের দূর তীরস্থেরা তোমার
অপেক্ষা করিবে এবং তাহারদের রূপা স্বর্ণ সহিত
তোমার পুত্রেরদিগকে দূর হইতে আনিতে তার্শিশের
জাহাজ অপেক্ষা ও করিবে কেননা তোমাকে তিনি
১০ ঐশ্বর্য্যবান করিয়াছেন। বিদেশীয়দের পুত্রেরা তোমার
দেয়াল গাঁথিবে এবং তাহারদের রাজারা তোমার
সেবা করিবে কেননা আমার কোপে তোমাকে মারি
লাম কিন্তু আমার অনুগ্রহে অতি স্নেহ করিয়া তোমার
১১ সহিত আলিঙ্গন করিব। দেশীয়েরদের ধন তোমার
ঠাঁই আনিতে ও তাহারদের রাজারা ঐশ্বর্য্য পরিবেষ্টিত
আইসনের কারণ তোমার দ্বার ও নিত্য খুলা থাকিবেক
১২ দিনে কি রাত্রিতে তাহা বন্ধ হইবে না। কেননা যে
লোক ও যে রাজ্য তোমার সেবা করিতে চাহে না তাহার
দের ক্ষয় হইবে বটে সে দেশীয়েরা একাদিক্রমে নষ্ট
১৩ হইবে। লবাননের তেজ তোমার স্থানে আসিবে বরোশ
তদহর ও তাশোর বৃক্ষ একত্র আমার পবিত্র স্থান
সুন্দর করিতে এবং আমার পদস্থিত স্থান যাহা
১৪ আমার তাহা সম্ভ্রম করনের কারণে আসিবে।
এবং তোমার অন্যায়দণ্ডকেরদের সন্তানেরা প্রণাম
করিতেং তোমার নিকট আসিবে এবং যাহারা তুচ্ছ
করিয়া তোমাকে দূর করিল তাহারা সকলে তোমার
চরণে প্রণাম করিবে এবং য়িহুহার নগর য়িশরালের

ধর্ম্মের ক্ষীয়েন এমন তাহারা তোমার নাম রাখিবেক।
১৫ এমন ত্যাগী ও ঘৃনিত যে কোন কেহ তোমা দিয়া
গেল না তোমার সে রূপ হওনের স্থানে আমি
নিত্য সুখ্যাতি ও সর্ব্ব পরুষের আনন্দ করন
১৬ বস্তু তোমাকে করিব। তুমি ও অন্য দেশীয়েরদের
দুগ্ধ চোষিবা তুমি ও রাজাধেদের বক্ষে পুতি পালিত
হইবা এবং যে আমি যিহুহা তোমার ত্রানকর্ত্তা আছি
এবং যাঁকুবের পরাক্রান্ত যিনি যে তিনি তোমার
১৭ মুক্তিদ এই তুমি জানিবা। পিত্তলের বদলি স্বর্ন
এবং লোহার স্থানে রূপা এবং কাষ্ঠের বদলি
পিত্তল এবং প্রস্তরের বদলি আমি লোহা দিব তোমার
থানাদারের দিগকে কুশল এবং তোমার পাটোয়ারীর
১৮ দিগকে ধর্ম্ম আমি করাইব। তোমার দেশে জোর
করন ও তোমার সীমায় সর্ব্বনাশ ও আপদ কথা
আর শুনা যাবে না কিন্তু তোমার দেয়ালের নাম ত্রান
১৯ এবং তোমার দ্বারের নাম স্তব বলিবা। দিনে আলো
দিবার কারন তোমার সূর্য্য আর হইবে না রাত্রিতে
ও চন্দ্রের কিরন তেজিয়া তোমার দীপ্তি করিবে না
কেননা যিহুহা তোমার নিত্য দীপ্তি হইবেন তোমার
২০ ঈশ্বরও তোমার তেজ হইবেন। তোমার সূর্য্য
আর অস্ত যাবে না এবং তোমার চন্দ্র আর ক্ষীণ
হইবে না কেননা যিহুহা তোমার নিত্য আলো
হইবেন তোমার শোক করন দিন ও সাঙ্গ হইবে।
২১ তোমার সকল লোক ও পুন্যবান হইবে আপনার
নামের কারন আমার লাগা কলম আমার হস্ত

কৃত ক্রিয়া তাহারা সে দেশের অধিকার নিত্য
২২ পাইবে। ক্ষুদ্র যে জন সে সহস্র হবে এবং ছোট
যে জন সে দেশীয় বলবান সমূহ হইবে আমি য়িহুহা
উচিত কাল তাহা তাগাদা করিব।—

পর্ব্ব য়িহুহার আত্মা আমার উপরস্থ আছে কেননা
৬১ য়িহুহা আমাকে অভিষিক্ত করিয়াছেন মৃদু লোকের
দের কাছে সুশীল সমাচার কহিতে ভগ্নান্তঃকরণীয়ের
দিগকে সুস্থ করিতে অন্য দেশে বন্দিতেরদের কাছে
বন্দমোচন এবং বান্দিতেরদিগকে পূর্ণ বিমোচন
২ সমাচার প্রকাশ করিতে য়িহুহার গ্রাহ্য বৎসর। এবং
আমারদের ঈশ্বরের প্রতিফল দেওন দিন ঢেড়ি দিয়া
প্রকাশ করিতে যাহারা শোকিত হয় তাহারদিগকে
৩ সান্ত্বনা করিতে ছীয়নের শোকিত লোকেরদিগকে
হর্ষ দিতে তাহারদিগকে ও ছাইর বদলি সুন্দর
মুকুট দিতে ও দুঃখের স্থানে আনন্দকরা তৈল
ও ভারাক্রান্ত মনের স্থানে স্তব বস্ত্র দিতে তাহার
দিগকে যেন গ্রাহ্য বৃক্ষ য়িহুহার আপন সম্ভ্রমের
কারণ উদ্যান কহিতে পারা যাওনের কারণ তিনি
৪ আমাকে পাঠাইয়াছেন। তোমা হইতে উৎপাদি
নীয় যাহারা তাহারা পূর্ব্বকালের ভাঙ্গাচুরা পুনঃ
গাঁথিবে তাহারা পূর্ব্বকালের বিনাশ পুনর্ব্বার
সারিবে নরশূন্য নগর পূর্ব্বকালাবধি বরাবর নাশ
৫ ও তাহারা ভাল করিবে। বিদেশীয়েরা খাড়া হইয়া
তোমারদের পাল চরাইবে এবং অন্য জাতীয়েরদের

৬ সন্তানেরা তোমারদের কৃষাণ ও দ্রাক্ষাকৃষক হইবে।
কিন্তু তোমরা য়িহুহার যাজক বিখ্যাত হইবা আমার
দের ঈশ্বরের সেবক তোমারদের পদবী হইবে তোমরা
অন্য দেশীয়েরদের ধন খাইতে পাইবা এবং তাহার
৭ দের ঐশ্বর্য্যে তোমরা দর্প কথা কহিবা। তোমারদের
লজ্জার বদলি তোমরা দ্বিগুণ অধিকার পাইবা তোমার
দের অপমানের স্থানে তাহারদের অংশে আনন্দ
করিবা কেননা তাহারদের দেশে তোমরা দ্বিগুন বাঁটাধি
কার পাইবা অনন্ত হর্ষাধিকার ও তোমরা পাইবা।
৮ কেননা আমি বিচাররোচী ও দৌরাত্ম্য এবং অযথার্থ
ঘৃণী য়িহুহা হই তাহারদের ক্রিয়ার ফল আমি
তাহারদিগকে নিশ্চয় দিব এবং অক্ষয় বন্দোবস্ত
৯ তাহারদের সহিত করিব। অন্য দেশীয় লোকেরদের
মধ্যে তাহারদের সন্তানেরা এবং লোকেরদের মধ্যে
তাহারদের উৎপন্ন নাম লব্ধ হইবে যে তাহারা
য়িহুহার বরপ্রাপ্ত সন্তান যত লোক তাহারদিগকে
দেখে তাহারা সকল এই স্বীকার করিবে।—
১০ আমি য়িহুহায় বড় আনন্দ করিব আমার ঈশ্বরে
আমার প্রান বড় উল্লাস করিবে কেননা যেমন বর
আপনাকে যাজকীয় মুকুট দিয়া বিভূষিত করে এবং
যেমন কন্যা বহুমূল্য রত্নেতে বিভূষিতা তেমন
তিনি ত্রানের পরিচ্ছদ আমাকে পরিধান করিয়াছেন
তিনি ধর্ম্মশালে আমাকে ঢাকিয়াছেন।—
১১ অবশ্য যেমন পৃথিবী কমল তৃন বাহির এবং
যেমন উদ্যান বীজের অঙ্কুর জাগায় তেমন য়িহুহ

ভগবান বীর্য্য ও স্তব সকলের গোচরে বাহিরাইবেন।
পর্ব ৬২ আমি জীয়নার্থে চুপ করিব না এবং তাহার বীর্য্য
করিব না যহা আলোর ন্যায় তাহার ত্রাণ ও প্রজ্বলিত
ডামরের মত প্রকাশ না হইলে আমি য়িরোশালমার্থে
২ বিশ্রাম করিব না। অন্য দেশীয় লোকেরা তোমার
বীর্য্য এবং সকল রাজারা তোমার তেজ দেখিবে
কেননা যে নতুন এক নাম য়িহুহার মুখ তোমাকে
৩ দিবে তুমি সে নামেতে খ্যাত হবা। তুমি য়িহুহার
হস্তস্থ সুন্দর মুকুট এবং তোমার ঈশ্বরের হস্ত
৪ গৃহনস্থ রাজটোপির হইবা। তুই ত্যাগী এই কথা
তোমাকে আর কখন বলিতে হইবে না তোমার
দেশকে তুই নরশূন্য এই ও বলিতে হইবে না কিন্তু
তুমি আমার সন্তোষ্য তোমার দেশ ও বিবাহিত নারী
নামাঙ্কিত হবে কেননা তোমাতে য়িহুহার সন্তোষ
৫ হইবে এবং তোমার দেশের বিবাহ হইবে কেননা
যেমন যুবা পুরুষ আইবড় কন্যাকে বিবাহ করে
সে মত তোমার মুকুন্দ তোমাকে বিবাহ করিবেন
এবং যেমন বর কন্যার ওপরে আনন্দ করে তমন
তোমার ঈশ্বর তোমার ওপর আনন্দ করিবেন।—
৬ হে য়িরোশালম তোমার দেয়ালের ওপর সমস্ত
দিন আমি চৌকিদার রাখিয়াছি তাহারা ও সমস্ত
৭ রাত্রি চুপ করিবে না হে য়িহুহার নাম প্রকাশীরা
তাহার য়িরোশালম স্থির করণ ও পৃথিবীতে সুখ্যাতি
করণ পর্য্যন্ত তোমরা চুপ করিও না এবং তাহাকে
৮ চুপ থাকিতে দিও না। য়িহুহা আপনার দক্ষিণ হস্ত

ও বলবান ভুজ লইয়া কিরা করিয়াছেন তোমার
শত্রুরদের ভক্ষ্যের কারণ আমি তোমার শস্য আর
দিব না তোমার যে দ্রাক্ষা রসের কারণ শ্রম
করিয়াছ বিদেশীরদের পুত্রেরা ও তাহা পীতে পাইবে
৯ না। কিন্তু যাহারা ফসল কাটে তাহারা তাহা
খাইয়া যিহুহার স্তব করিবে এবং যাহারা দ্রাক্ষা
পাড়ে তাহারা আমার পবিত্র স্থানে রস পীবে।
১০ তোমরা যাও দ্বার দিয়া যাও লোকেরদের পথ প্রস্তুত
কর বান্ধ সড়ক বান্ধ পাথর কুড়াইয়া তাহা পরিষ্কার
কর ও দেশীয় লোকেরদের প্রতি ধ্বজা উঠ করাও।
১১ দেখ পৃথিবীর সীমা পর্য্যন্ত যিহুহা এ কথা ঢেড়ি
দিয়া প্রকাশ করিয়াছেন চীয়নের কন্যাকে কহ দেখ
তোমার ত্রাণকর্ত্তা আসিতেছেন দেখ তাহার ফলো
দয় তাহার সহিত এবং তাহার কর্ম্মের ফল তাহার
আগে আছে তাহারা ও ধার্ম্মিক লোক যিহুহার
১২ উদ্ধৃত কহিতে হইবে। এবং তোমার নাম বহু
ইষ্ট নিস্ত্যাগ সহর কহিতে হইবে।—

পর্ব্ব যিনি আদোম হইতে আসিতেছেন বস্ত্র রঞ্জিত
৬৩ বস্ত্রে বজরা হইতে আসিতেছেন এই পরিচ্ছদে
ঐশ্বর্য্যবান আপন বলের মহত্ত্বে গমন করিতেছে তিনি
কে ধার্ম্মিকতায় প্রকাশক তারিতে শক্ত যে আমি আমি
২ তিনি। তোমার পরিচ্ছদ রাঙ্গা এবং তোমার বস্ত্র দ্রাক্ষা
৩ টাল দলায়ক কেন তাহার মত কেন। আমি দ্রাক্ষাটাল
একলা দলাইয়াছি এবং লোকেরদের কেহ আমার
সহিত ছিল না আমি ও ক্রুদ্ধ হইয়া তাহারদিগ

দলাইলাম এবং আমার কোপে তাঁহারদিগকে ঘুমিলাম
তাহারদের জীবনের রক্ত আমার পরিচ্ছদের উপরে
ছিটিয়া গেল এবং আমার সকল বস্ত্র রাঙ্গাইয়াছি।
৪ কেননা প্রতিফল দেওন দিন আমার চিত্তে ছিল এবং
৫ আমার মুক্ত লোকেরদের বৎসর আসিয়াছিল। এবং
আমি দৃষ্টি করিয়া দেখিলাম উপকার করিতে কেহ
নাহি এবং কেহ ধারণ করিতে না হইয়া চমৎকৃত
ছিলাম; অতএব আমার স্বহস্ত আমার কারণ নিস্তার
করিল এবং আমার ক্রোধ আমাকে ধারণ করিল।
৬ এবং আমি ক্রুদ্ধ হইয়া লোকেরদিগকে দলাইলাম
আমার কোপে ও তাহারদিগকে চেপ্টা করিলাম এবং
তাহারদের জীবনের রক্ত মৃত্তিকায় ফেলিলাম।—
৭ আমারদিগকে যিহুহা যেং সকল দিয়াছেন এবং
ইস্রায়েলের বংশেরদিগকে যে ভদ্রতার মহত্ব তাঁহার
স্নেহ এবং মহাপ্রেমেতে দিয়াছেন তদনুযায়ী যিহুহার
৮ কৃপা যিহুহার স্তবই তাহা আমি মনে করিব। কেননা
তিনি বলিলেন তাহারা অবশ্য আমার লোক শিশুরা
যে মিথ্যা হইবে না তাহারদের সর্ব্ব দুঃখে ও তিনি
৯ তাহারদের ত্রাণকর্ত্তা ছিলেন। তাহারদিগকে যিনি
ত্রাণ করিলেন তিনি এক দূত কিম্বা তাঁহার স্থান
হইতে এক দূত নহে আপন প্রেম ও স্নেহেতে তিনি
আপনি তাহারদিগকে মুক্ত করিলেন তিনি ও তাহার
দিগকে লইয়া পূর্ব্বকালের সমস্ত দিন বহিলেন।
১০ কিন্তু তাহারা অদ্ভুত করিল এবং তাহার ধর্ম্মাত্মার
শোক করাইল যেন তিনি তাহারদের শত্রু হইলেন

১১ এবং তাহারদের সহিত যুদ্ধ করিলেন। তিনি ও পূর্ব্ব
কালের দিন ও তাহার মোশা সেবক মনে পাইলেন।
১২ মোশার যাত্রায় আপনার তেজোবান ভুজ তাহার
দক্ষিনে সহিত করাইয়া আপন অক্ষয় সুখ্যাতি
১৩ করনার্থে জল দুই ভাগ করিয়াছেন যেমন মাঠে
ঘোড়া তেমন তাহারদিগকে তীর দিয়া অনাটকে
গমন করাইয়া তিনি কেমন তাহারদিগকে সমুদ্র হইতে
তাহার পালের রক্ষকের সহিত আনিলেন তিনি কেমন
১৪ তাহার বক্ষে আপন ধর্ম্মাত্মা দিলেন যেমন পাল
নীচ ভূমিতে নামে তেমন য়িহহের আত্মা তাহার পথ
দেখাইল তেমন আপনার বড় নাম করিতে তোমারি
লোকেরদিগকে পথ দেখাইয়াছ।—
১৫ স্বর্গ হইতে দৃষ্টিপাত কর তোমার পবিত্র ও
তেজোবন্ত বসতি হইতে দেখ. তোমার বীর্য্য তাপ ও
মহা পরাক্রম তোমার অন্তরের স্নেহ এবং অতি
প্রেম কোথায় তাহা কি আমারদিগ হইতে বাধিত
১৬ হইল। তুমি অবশ্য আমারদের গোত্র কেননা
আবরহাম আমারদিগকে জানে না ও য়িশরালি
আমারদিগকে স্বীকার করে না হে য়িহহা তুমি
আমারদের গোত্র আমারদিগকে আপনার নামার্থে
১৭ পরিত্রান করহ।· হে য়িহহা কি নিমিত্ত আমার
দিগকে তোমার পথ হইতে চুক করিতে এবং
আমারদের অন্তঃকরন তোমার ভয় ছাড়িয়া শক্ত
করিতে দিতেছ তোমার দাসেরদের জন্য তোমারি
১৮ অধিকারের গোষ্ঠীরদের জন্য ফির।। যে আমার

দের বৈরীরা তোমার পবিত্র পর্ব্বতাধিকার করিয়াছে
যে তাহারা তোমার পবিত্র স্থান দলাইয়া ফেলিয়াছে
১৯ সে অতি অল্পকাল। যাহারদিগকে তুমি কর্ত্তৃত্ব না
করিয়াছ ও যাহারা তোমার নামে নামবেয় নহে
আমরা বহুকাল ও তাহারদের মত ছিলাম।

পর্ব্ব ৬৪
আহা যেন পর্ব্বতগণ তোমার সাক্ষাতে গলিয়া
যায় তুমি যদি হেন মত স্বর্গ ছিড়িয়া নামিবা
২ যেমন আগুন শুষ্ক খড় জ্বালায় ও যেমন আগুনে
জল ফুটায় তেমন তোমার শত্রুরদের প্রতি তোমার
নাম জানাইতে দেশীয়েরা তোমার বিদ্যমানে কম্পায়
৩ সে মত নাম। আমারদের অনপেক্ষা আশ্চর্য্য ক্রিয়া
যখন তুমি করিয়াছ তখন তুমি নামিয়াছিলা তখন
৪ পর্ব্বতগণ তোমার বিদ্যমানে গলিয়া গেল। কেননা
তোমা ছাড়া ঈশ্বর যে আপন শরণাগতেরদের কারণ
এমত কার্য্য করেন মনুষ্যেরা কোন কালে এই শুনিল
না এবং কর্ণে জ্ঞাত ও ছিল না এবং চক্ষু ও
৫ দেখিতে না পাইয়াছে। যাহারা ধর্ম্ম করে যাহারা
তোমার পথে তোমাকে মনে করে তুমি আনন্দিত
হইয়া তাহারদের সহিত দেখা করিতেছ। দেখ তুমি
ক্রুদ্ধ হইয়াছ কেননা আমরা পাপ করিয়াছি আমার
দের কার্য্যেতে ক্রুদ্ধ কেননা আমরা স্বস্থতি করিয়া
৬ ছিলাম। আমরা সকল অশুচি বস্তুর ন্যায় হইয়াছি
আমারদের সকল পুণ্য ক্রিয়া ও ছাড়নীয় বস্ত্রের মত
আমরা সকল পাতার মত শুষ্ক আছি আমারদের

৭ পাপ ও বায়ুর ন্যায় আমারদিগকে উড়াইয়াছে। যে
তোমার নামে নিবেদন করে যে তোমাকে ধরিতে
আপনার চৈতন্য করে এমন লোক কেহ উপস্থিত নহে
অতএব আমারদিগ হইতে তোমার মুখ লুকাইয়াছ
এবং আমারদের অযথার্থের হাতে আমারদিগকে
৮ সমর্পণ করিয়াছ। কিন্তু হে য়িহুহা তুমি আমারদের
পিতা আমরা মৃত্তিকা তুমি আমারদিগকে নির্ম্মাণ
৯ করিয়াছ আমরা সকল তোমার হস্তকৃত কার্য্য। হে
য়িহুহা তুমি অত্যন্ত ক্রুদ্ধ হইও না সদাকাল অযথার্থ
মনে রাখিও না দেখ আমরা মিনতি করি আমারদের
১০ উপর দৃষ্টি কর আমরা সকল তোমার লোক। তোমার
পবিত্র সহর অরণ্য হইয়াছে চীয়োন অরণ্য হইয়াছে
১১ য়িরোশালম নরশূন্য আছে। আমারদের পবিত্র
ও সুন্দর মন্দির যাহার মধ্যে আমারদের পিতৃ
লোকেরা তোমার ভজনা করিল তাহা বোলোয়ানা
অগ্নিতে পোড়া হইয়াছে বরং আমারদের সকল
১২ অভিলষ্য শ্মশানাকার হইয়াছে। হে য়িহুহা এ সকল
দেখিয়া তুমি কি কিছু ক্ষমা করিবা না তুমি কি চুপ
করিয়া থাকিবা আমারদিগকে মহা দুঃখ ও দিতে
ক্রন্দন ছাড়িবা না।

পর্ব্ব যাহারা আমার কারণ জিজ্ঞাসা করিল না তাহার
৬৪ দের কাছে আমি জ্ঞাত হইয়াছি যাহারা আমাকে
চেষ্টা না করিয়াছে তাহারা আমায় প্রাপ্ত হইয়াছে
যে দেশীয় লোকেরা কখন আমার নাম নিবেদন করে

না তাঁহারদিগকে আমাকে দেখ আমি এখানে
আছি এ কথা কহিয়াছি। স্বকুতি আপন
অভিলাষানুযায়ী কুপথগামী বাগানের মধ্যে
৩ বলিদানকারী ও খপরেলেতে সুগন্ধি দাহী আমার
বিদ্যমানে আমাকে নিত্য কষ্টকারী শ্মশানে নিবাসী
৪ গুহুপ্রবাসী শূকরের মাংসখাদী এবং যাহারদের
পাত্রে ঘৃণিত মাংসের ঝোল আছে এমন লোকের
দের কাছে আমি সমস্ত দিন হাত বিস্তার করি
৫ য়াছি। যাহারা বলে থাক তুই আমার নিকট
আসিস না কেননা আমি তোমা হইতে শুদ্ধ ইহারা
আমার নাসিকায় ধূমা এবং সমস্ত দিন প্রজ্বলিত
৬ অগ্নি জ্বালায়। দেখ আমার ঠাঁই এই লেখা আছে
যিহূহা কহেন আমি চুপ রহিব না কিন্তু অবশ্য
৭ প্রতিফল দিব। যিহূহা কহেন যাহারা পর্ব্বতের
উপর সুগন্ধি পোড়াইয়াছে ও গিরির উপর আমার
অসম্ভ্রম করিয়াছে তাহারদের নিজ অযথার্থ ফল এবং
তাহারদের পিতৃ অযথার্থ ফল আমি একী সময়ে
তাহারদের নিজ বক্ষে দিব।
৮ যিহূহা এ কথা কহেন অবশ্য তাহারদের পূর্ব্ব
কালের পুন মাপ তাহারদের বক্ষে আমি দিব। যেমত
কেহ থোকাতে ভাল দ্রাক্ষা পাইয়া বলে তাহা নষ্ট
করিও না কেননা তাহাতে আশীর্ব্বাদ আছে তেমন
আমার সেবকার্থে আমি করিব আমি সকল ধ্বংস
৯ করিব না। সে মত আমি যাকুব হইতে এক বীজ

বাহিরাইব এবং যিহোদা হইতে আমার পর্ব্বতের এক
অধিকারী উৎপন্ন করিব এবং আমার মনোনীতেরা
সে দেশ অধিকার পাইবে এবং আমার সেবকেরা
১০ সেখানে বসতি করিবে। আমার যে লোকেরা
আমাকে চেষ্টা করিয়াছে তাহারদের কারণ শারণ
ও মেষ পালের শালা হবে এবং আখোরের মাঠ
গোপাল শয়নস্থান ও হবে ।—
১১ কিন্তু তোমরা যিহহাত্যাগী এবং আমার পবিত্র
পর্ব্বতে বিস্মারী তোমরা যে গাদের কারণ মেজ
সাজাও এবং মনিকে পানীয় বস্তু দেও তোমার
১২ দিগকে তলোয়ারেতে গণন করিয়া দিব এবং তোমরা
সকল বধার্থে শুইবা কেননা আমি ডাকিলাম কিন্তু
তোমরা প্রত্যুত্তর দিলা না আমি কহিলাম কিন্তু
তোমরা শুনিতে চাহিলা না কিন্তু আমার দৃষ্টিতে কুক্রিয়া
যাহা তাহা করিয়াছ এবং যাহাতে আমার সন্তোষ
১৩ নহে তাহাও তোমরা পসন্দ করিয়াছ। অতএব যিহহা
ভগবান এ কথা কহেন দেখ আমার দাসেরা খাইতে
পাইবে কিন্তু তোমরা ক্ষুধিত হইবা দেখ আমার
দাসেরা পীতে পাইবে কিন্তু তোমরা তৃষ্ণিত হইবা দেখ
আমার দাসেরা আনন্দ করিবে কিন্তু তোমরা বৈমুখ
১৪ হইবা। দেখ আমার দাসেরা মনের হর্ষেতে উচ্চস্বরে
গান করিবে কিন্তু তোমরা মনস্তাপেতে চীৎকার
করিবা এবং ভগ্নাত্মা ব্যথাতে ক্রন্দন করিবা। তোমরা
১৫ ও শাপ বস্তুর কারণ আপনারদের নাম আমার
পসন্দিদেরদের জন্য ছাড়িয়া দিবা যিহহা ভগবান

ও তোমারদিগকে বধী করিবেন এবং আপনার
দাসেরদের আর এক নাম রাখিবেন।—
১৬ পৃথিবীতে যে জন আপনার আশীর্ব্বাদ করে সে
সত্যতার ঈশ্বরে আপনাকে আশীষ দিবে এবং
পৃথিবীতে যে জন কিরা করে সে সত্যতার ঈশ্বর
লইয়া কিরা করিবে কেননা পূর্ব্বেকার বিদায়ী ক্রিয়া
বিস্মৃত হইয়াছে এবং আমার দৃষ্টি হইতে আচ্ছাদিত
১৭ আছে। কেননা দেখ আমি নূতন স্বর্গ ও নূতন
পৃথিবী সৃষ্টি করি এবং পূর্ব্ব যাহা ছিল তাহা মনে
রহিবে না তাহা ও আরবার মনে আসিবে না।
১৮ কিন্তু ভবিষ্যৎকাল যে আমি সৃষ্টি করি তাহাতে
তোমরা আহ্লাদ এবং উল্লাস করিবা কেননা দেখ
আমি যিরোশলম আনন্দ করণহেতুক ও তাহার
লোকেরদিগকে হৃষ্ট হওনের হেতুক সৃষ্টি করি।
১৯ এবং আমি যিরোশলমে উল্লাস করিব ও আমার
লোকে আনন্দ করিব এবং তাহার মধ্যে আরবার
ক্রন্দন কিম্বা হাহাকারের নাদ শুনা যাবে না।
২০ অল্পায়ু বালক কিম্বা যাহার দিন পূর্ণ নহে এমন বৃদ্ধ
মানুষ সেখানে আর হবে না। কেননা যে জন একশত
বৎসর বয়ক্রমে মরে সে কেবল ছোকরা মরিবে
তথাচ পাপগ্রস্ত যে একশত বৎসর বয়ক্রমে মরে
২১ সে পাপগ্রস্ত খ্যাত হবে। ও তাহারা ঘর গাঁথিয়া
তাহাতে বাস করিবে এবং দ্রাক্ষা ক্ষেত্র করিয়া
২২ তাহার ফল খাইবে। তাহারা আর লোক তাহাতে
বাস করণের জন্য গাঁথিবে না তাহারা অন্য লোকের

ভোগ করনের কারণ ক্ষণিবে না ।   কেননা যেমন
বৃক্ষের দিন তেমন আমার লোকের দিন হইবে
তাহারা ও আপনারদের হস্তকৃত কার্য্য হইতে অধিক
২৩ কাল থাকিবে ।   আমার পসন্দিতেরা নিরর্থক
শ্রম করিবে না   এবং অল্পায়ু সন্তানেরদিগকে
জন্মাইবে না ও তাহারদের সন্তান তাহারদের সহিত
২৪ য়িহুহার ধন্য সন্তানেরা হইবে । আমারদের ডাকনের
পূর্ব্বে ও আমি প্রত্যুত্তর দিব   তাহারা কহিবা
২৫ মাত্রই শুনিব ।   তেড়িয়ান ও মেষের বাচ্ছা এক স্থানে
চরিবে এবং সিংহ গরুর মত পোয়াল খাইবে
সর্পের ভক্ষ্যও ধূলা হইবে   য়িহুহা কহেন আমার
পবিত্র পর্ব্বতের সর্ব্বত্রে তাহারা হিংসা করিবে
নাও নাশ করিবে না ।—

পর্ব্ব   য়িহুহা এ কথা কহেন স্বর্গ আমার সিংহাসন
৬৬ ও পৃথিবী আমার পদাসন এ যে ঘর তোমরা আমার
কারণ গাঁথিতেছ সে কোথায়   এবং আমার বিশ্রাম
২ করণ স্থান ও কোথায় ।   কেননা য়িহুহা কহেন
এ সকল বস্তু আমার হস্ত গড়িয়াছে এবং এ
সকল বস্তু আমার কাছে কিন্তু যে জন নম্র ও
ভগ্নাত্মা বিশিষ্ট ও আমার কথাতে ভয় করে এমন
লোকের প্রতি আমি দৃষ্টি করিব ।—

৩   যে জন গরু মারে সেই মনুষ্য মারে । যে জন মেষের
বাচ্ছা বলি দেয় সে কুক্কুরের মাথা ছেদন করে ।
যে জন উৎসর্গ করে সে শূকরের রক্ত দেয় । যে জন
সুগন্ধি পোড়ায় সে দেবের আশীর্ব্বাদ করে । তাহারাই

আপনারদের পথ পসন্দ করিয়াছে এবং তাহারদের
৪ ঘৃনিত কার্য্য তাহারদের মন ভাল বাসে আমি
ও তাহারদের আপদ্ পসন্দ করিব ও তাহারা যাহা
ভয় করে তাহা তাহারদের উপরে আনিব। আমি
ডাকিলাম কিন্তু কেহ প্রত্যুত্তর দিল না। আমি
কহিলাম কিন্তু তাহারা শুনিতে চাহিল না। যাহা
আমার দৃষ্টিতে কুকর্ম্ম তাহা তাহারা করিয়াছে এবং
যাহাতে আমার তুষ্টি নহে তাহা তাহারা পসন্দ
করিয়াছে। সেই কারন তাহা করিব।—
৫ হে তোমরা য়িহহা বাক্যেতে ভীতেরা য়িহহার
কথা শুন তোমারদের যে ভ্রাতারা তোমারদিগকে
ঘৃনা করে এবং যাহারা আমার নামার্থে তোমার
দিগকে ঠেলিয়া ফেলে তাহারদের কাছে কহ
য়িহহার নাম অবশ্য চলিবে তিনি প্রকাশ হবেন।
তোমার আনন্দের কারনই তিনি প্রকাশ হবেন
এবং তাহারা ওত্তর রহিত হইবে।—
৬ নগর হইতে হুড়াহুড়ি শব্দ মন্দির হইতে শব্দ
শুনা যায় আপন শত্রুগনকে কর্ম্মের ফল দেওন
য়িহহার শব্দ শুনা যায়।—
৭ সেই যন্ত্রনার পূর্ব্বে প্রসব হইল গর্ভ ব্যথার
৮ পূর্ব্বে পুত্র প্রসব হইল কেডা এই প্রকার কথা
শুনিতে পাইয়াছে এ কার্য্যের মত কেডা দেখিয়াছে
এক দিবসে রাজ্য সমুহ কি প্রসব হইয়া থাকে কোন
দেশীয় লোক সমুহ এক নিমেষে জন্মিয়া থাকে
কেননা জীয়নের গর্ভ ব্যথা হইবা মাত্রেই তাহার

৯ সন্তান প্রসব হইল। যিহুহা কহেন আমি
জন্মকাল পর্য্যন্ত রক্ষা করিব এবং প্রসব করাইব না
তোমার ঈশ্বর বলেন জন্মদাতা যে আমি আমি কি
১০ প্রসব বারন করিব। হে যিরোশালমপ্রেমকেরা তাহার
১১ সহিত আনন্দ কর হে তাহার নিমিত্তে শোকিতেরা
তোমরা তাহার সান্ত্বনাকারীস্তনপানেতে পরিতুষ্ট
হওনার্থে তাহার বহু সম্পদ হইতে সুভক্ষ্য ও
বাহির করনার্থে তাহার কারন যহা উল্লাসিত ও
আনন্দিত হও।—
১২ কেননা যিহুহা এ কথা কহেন দেখ যেমন বড়
নদী তেমন তাহাকে মঙ্গল দাইব এবং যেমন ওথলীয়
স্রোত তেমন দেশীয়েরদের ধন আবরন করিব তোমরা
ও স্তন পান করিবা তোমারদিগকে ও কোঁকে
করিয়া বহিতে হইবে এবং হাঁটুর ওপর নাচাইতে
১৩ হইবে। স্বমাতৃ সান্ত্বনীয় কোন কাহার মত আমি
তোমারদিগকে সান্ত্বনা করিব যিরোশালমে ও তোমরা
১৪ সান্ত্বনা পাইবা; তোমরা ও তাহা দেখিতে পাইবা এবং
তাহা দেখিয়া তোমারদের অন্তঃকরন আনন্দ করিবে
তোমারদের হাড়ও সবুজ গাছের মত তেজোমন্ত
হইবে এবং যিহুহার হাত তাহার দাসেরদের কাছে
প্রকাশ হইবে তিনি ও তাহার শত্রুরদের বিরুদ্ধে
১৫ ক্রোধাক্রোড়িত হইবেন। কেননা দেখ মহাতাপে তাহার
ক্রোধ ও তাহার ধিক্কার অগ্নির শিখা রূপে ভাপী
হইতে যিহুহা অগ্নির মত আসিবেন এবং তাহার রথ
১৬ ঘূর্ণীয় বায়ুর মত হবে। কেনকা যিহুহা অগ্নি দিয়া

এবং তাহার তলোয়ার দিয়া সকল প্রাণীরদের
বিচার করিবেন এবং যিহুহা হত অনেক হইবে।
১৭ আস্কদের ব্যবস্থানুসারে শূকরমাংস ও হারম বস্তু
ও মূষিকাখাদকের মধ্যে উদ্যানে যাহারা আপনার
দিগকে পবিত্র করে ও আপনারদিগকে পরিষ্কার
করে যিহুহা কহেন তাহারা একত্রই সংহারিত
১৮ হইবে। কেননা তাহারদের ক্রিয়া ও তাহারদের
ভাবের আমি জানি আমি ও সকল দেশীয় ও ভাষীর
দিগকে একত্র করিতে আইসি এবং তাহারা আসিয়া
১৯ আমার তেজ দেখিবে। আমি ও তাহারদিগকে এক চিহ্ন
দিব এবং যাহারা বাঁচে তাহারদের কতক জন অন্য
দেশীয়েরদের কাছে পাঠাইব তাহাই বিনুষ্কর তার্শিশ
ও ফল ও লুদেরদের কাছে ও দূর সীমাস্থ তুবল
ও যিয়োনের কাছে ও যাহারা আমার নাম কখন
শুনিল না ও যাহারা আমার ঐশ্বর্য্য কখন দেখিল না
তাহারদের কাছে এবং তাহারা অন্য দেশীয় লোকের
২০ দের মধ্যে আমার ঐশ্বর্য্যের প্রশংসা করিবে। যিহুহা
কহেন যিশরালের সন্তানেরা যেমত পবিত্র পাত্র
করিয়া যিহুহার ঘরে নিবেদনার্থে আনিল তেমন ও
তাহারা ঘোড়া ও পালকি ও ডুলি ও খচর ও উট
আরোহণ করাইয়া যিহুহার প্রতি উৎসর্গার্থে সর্ব্ব
দেশীয়েরদিগ হইতে যিরূশালম পবিত্র পর্ব্বতে
২১ তোমার সকল ভ্রাতারদিগকে আনিবে। যিহুহা ও
কহেন তাহারদের কতক জন পুরোহিত ও লেভীরদের
২২ কারণ আমি লইব। কেননা যিহুহা কহেন যে নূতন

স্বর্গ ও নূতন পৃথিবী আমি সৃষ্টি করি তাহা যেমন
আমার বিদ্যমানে নিত্য রহে তেমন তোমার সন্তা
২৩ এবং তোমার নাম ও থাকিবে। যিহুহা কহেন এমন
ও হইবে অমাবস্যায়২ এ শাবতে২ সকল প্রাণীরা
আমার স্থানেতে ভজনা করিতে আসিবে। যে লোক
২৪ আমার আজ্ঞা লঙ্ঘন করিল তাহারা বাহিরে যাইয়া
তাহারদের শব দেখিবে কেননা তাহারদের কীট
মরিবে না এবং তাহারদের অগ্নি ও নিবিয়া যাবে না
এবং তাহারা পুতি প্রাণীর ঘৃণিত বস্তু হইবে।